## মঞ্জুরি নং-১৫

# ১১৭ - বাণিজ্য মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ২৮৫,৫৬,০০ | ৩০৮,৪০,০০ | ৩৩৩,০৮,০০ |
| উন্নয়ন ব্যয় | ৪২,৬৯,০০ | ৪৬,১২,০০ | ৪৯,৮১,০০ |
| **মোট** | **৩২৮,২৫,০০** | **৩৫৪,৫২,০০** | **৩৮২,৮৯,০০** |
| | | | |
| আবর্তক | ২৮৪,৩১,১০ | ২৯৩,৬৫,৭১ | ৩১৫,৪৩,৮২ |
| মূলধন | ৪৩,৯৩,৯০ | ৬০,৮৬,২৯ | ৬৭,৪৫,১৮ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩২৮,২৫,০০** | **৩৫৪,৫২,০০** | **৩৮২,৮৯,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি, বাণিজ্য পদ্ধতির সহজীকরণ, বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধিতে সহায়তা প্রদান, রপ্তানি পণ্য ও বাজার বহুমুখীকরণ, বৈদেশিক বাণিজ্যে সক্ষমতা বৃদ্ধি, নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্য এবং বিশ্ব বাণিজ্য সংস্থা সংক্রান্ত সকল বিষয়াদি;

১.২.২ আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.৩ বাজার ব্যবস্থাপনা, নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য মনিটরিং **ও কতিপয় পণ্যের মূল্য নির্ধারণের মাধ্যমে বাজার নিয়ন্ত্রণ** এবং ভোক্তা অধিকার সংরক্ষণ;

১.২.৪ বহুপাক্ষিক, আঞ্চলিক এবং দ্বিপাক্ষিক ট্রেড নেগোসিয়েশন ও চুক্তির মাধ্যমে বৈদেশিক বাজারে বাংলাদেশি পণ্যের প্রবেশাধিকার সহজীকরণ;

১.২.৫ ট্যারিফ নীতিমালা প্রণয়ন এবং ট্যারিফ হার নির্ধারণে পরামর্শ প্রদান;

১.২.৬ বাণিজ্য সংগঠন ও প্রতিষ্ঠানের নিবন্ধন ও নিয়ন্ত্রণ এবং আমদানি ও রপ্তানি প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন;

১.২.৭ পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে **দেশে** আন্তর্জাতিক বাণিজ্য মেলা **আয়োজন ও বিভিন্ন** আন্তর্জাতিক বাণিজ্য মেলা**য়** অংশগ্রহণ; এবং

১.২.৮ রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের জন্য ব্যবসায়ীবৃন্দকে উৎসাহিত করার লক্ষ্যে নিয়মিতভাবে CIP (রপ্তানি) এবং জাতীয় রপ্তানি ট্রফি **প্রদান।**

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি | • ট্রানজিটসহ দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোশিয়েশনে অংশগ্রহণ<br>• রপ্তানি বৃদ্ধি ও বহুমুখীকরণের জন্য যুগোপযোগী রপ্তানি নীতি প্রণয়ন | • সচিবালয় |
| | • সকল প্রকার পারমিট ও রেজিস্ট্রেশনসহ সকল সেবা সহজ, দ্রুততর এবং ব্যবহারবান্ধব করা যেনো বাংলাদেশে আমদানি ও রপ্তানি বাণিজ্যকে স্বচ্ছ, কার্যকর ও সমন্বিতভাবে পরিচালনা করা যায় এবং এর মাধ্যমে দেশের টেকসই উন্নয়নসহ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন<br>• আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল প্রকার তথ্য প্রদান করে সরকার ও ব্যবসায়ীকে সহায়তা প্রদান | • আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর |
| | • দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণে পণ্যের উৎপাদন ব্যয় বিশ্লেষণপূর্বক ট্যারিফ হার নির্ধারণ-পুনঃনির্ধারণ<br>• জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনের ক্ষেত্রে তাদের প্রভাব বিশ্লেষণপূর্বক কৌশলগত সুপারিশ প্রদান<br>• নির্বাচিত সাব-সেক্টরসমূহের প্রভাব মূল্যায়ন এবং আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত সমীক্ষা পরিচালনা | • বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন |
| | • বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সংগঠন নিবন্ধন সহায়ক কার্যক্রম<br>• ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণ<br>• বন্ধকী বিবরণী নিবন্ধন সহায়ক কার্যক্রম<br>• নাগরিক সেবায় Paperless অফিস বাস্তবায়ন | • যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর |
| ২. নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ বৃদ্ধি এবং পণ্যমূল্য স্থিতিশীল রাখা | • বাজার মনিটরিং | • সচিবালয় ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |
| | • নির্বাচিত নিত্য প্রয়োজনীয় পণ্যের বাফার মজুদ গঠন<br>• প্রয়োজনের সময় নির্ধারিত নীতিমালার আওতায় স্থায়ী পরিবেশকের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য খোলা বাজারে নির্ধারিত মূল্যে বিক্রয় | • ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) |
| ৩. রপ্তানি বৈচিত্র্য বৃদ্ধিকরণ ও বাংলাদেশি পণ্যের নতুন বাজার সৃষ্টি | • বিদেশে বাণিজ্যিক মিশন স্থাপন | • সচিবালয় |
| | • বাণিজ্য সুবিধা আদায় জোরদারকরণ ও সম্প্রসারণ | • বিদেশস্থ বাণিজ্যিক মিশনসমূহ |
| | • বিদেশে বাংলাদেশি পণ্যের পরিচিতি ও চাহিদা সৃষ্টি/বৃদ্ধির জন্য বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি মেলা আয়োজন ও অংশগ্রহণ/ প্রদর্শনী কেন্দ্র স্থাপন | • রপ্তানি উন্নয়ন ব্যুরো |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪. ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ | • ভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্ফলেট ও লিফলেট মুদ্রণ এবং বিতরণ<br>• ভোক্তা-অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/ওয়ার্কশপ/ মতবিনিময় ও সচেতনতামূলক সভা আয়োজন<br>• ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধে বাজার তদারকি অভিযান পরিচালনা<br>• ভোক্তার অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | • জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** নতুন ব্যবসায় উদ্যোগে উৎসাহ প্রদান, অবকাঠামো বিনির্মাণ এবং আইনগত ভিত্তি প্রতিষ্ঠার ফলে দেশে ব্যবসা বাণিজ্যের অনুকূল পরিবেশ তৈরি হবে, ফলে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং দারিদ্র্য নিরসনে ইতিবাচক ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব: বিশ্বের সাথে তাল মিলিয়ে** ব্যবসা-বাণিজ্য-শিল্প পরিচালনায় নারীর অংশগ্রহণ লক্ষণীয়ভাবে বৃদ্ধি পাচ্ছে। নতুন ব্যবসা পরিচালনা ও শিল্প স্থাপন সহজতর হলে এ ক্ষেত্রে নারীর অংশগ্রহণ আরো বৃদ্ধি পাবে। এর ফলে নারী উন্নয়নের সার্বিক গতি বেগবান হবে। ২০২৬ সালের  জানুয়ারি পর্যন্ত ২৪টি উইমেন চেম্বারকে বাণিজ্য সংগঠন হিসেবে লাইসেন্স প্রদান করা হয়েছে। ব্যবসায় শিক্ষাঙ্গনেও নারীদের পদচারণা বৃদ্ধি পাচ্ছে। ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট, ইনস্টিটিউট অব চাটার্ড একাউন্টটেন্টস, ইনস্টিটিউট অব চাটার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ-এ ছাত্রের পাশাপাশি ছাত্রীর সংখ্যা  উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে।

#### ৩.১.২ নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ বৃদ্ধি এবং পণ্যমূল্য স্থিতিশীল রাখা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল থাকলে এ বাবদ ভোক্তা সাধারণের ব্যয় হ্রাস পাবে, যা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দেশের জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নারী। নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা গেলে এর প্রভাব নারী উন্নয়নের ক্ষেত্রেও সমভাবে প্রতিফলিত হবে।

#### ৩.১.৩ রপ্তানি বৈচিত্র্য বৃদ্ধিকরণ ও বাংলাদেশী পণ্যের নতুন বাজার সৃষ্টি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** রপ্তানি বৈচিত্র্য রপ্তানির পরিমাণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে। দেশের রপ্তানির পরিমাণ বৃদ্ধি পেলে অভ্যন্তরীণ উৎপাদনও সমহারে বৃদ্ধি পাবে। বর্ধিত উৎপাদনের ফলে দেশে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। অপরদিকে, রপ্তানি আয় বাড়লে মাথাপিছু আয়েও তার অনুকূল প্রভাব পড়বে। ফলে রপ্তানির পরিমাণ ও রপ্তানি আয় বৃদ্ধি দারিদ্র্য নিরসন প্রক্রিয়া ত্বরান্বিত করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বাংলাদেশের রপ্তানির প্রধান উৎস তৈরি পোশাক শিল্প খাত। এ খাতে কর্মরতদের ৬৫% শতাংশের বেশি নারী। রপ্তানি বৃদ্ধির প্রক্রিয়ায় এ শিল্পের বিকাশ ত্বরান্বিত হলে নারীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা এবং বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন আর্ন্তজাতিক বাণিজ্য মেলায় নারী উদ্যোক্তাগণ অংশগ্রহণ করে বাংলাদেশী পণ্যের বাজার সৃষ্টিতে অবদান রাখছে।

### ৩.১.৪ ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বাজার মনিটরিং এর মাধ্যমে সারাদেশে পণ্যমূল্য স্থিতিশীল রাখা, পণ্যের মান সমুন্নত রাখা এবং ভোক্তা সাধারণের অন্যান্য অধিকার ও স্বার্থ সংরক্ষণ করার মাধ্যমে দরিদ্র মানুষের আর্থিক স্থিতিশীলতা বজায় থাকবে, যা দারিদ্র্য নিরসনে প্রভাব বিস্তার করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দেশে নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী থেকে শুরু করে অন্যান্য সামগ্রীর ক্রেতা নারী সমাজও। ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষিত হলে এর প্রভাব নারী উন্নয়নের ক্ষেত্রেও সমভাবে প্রতিফলিত হবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ২১৯,৭৩,৭১ | ২৭১,৫৫,৮৪ | ২৭১,৫৫,৮৪ |
| নারী উন্নয়ন | ৬৮,৬০,২৯ | ৯৩,৪৫,৪৩ | ৯৩,৪৫,৪৩ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. জাতীয় রপ্তানির বহুমুখীকরণসহ রপ্তানির পরিমাণ ও আয় বৃদ্ধি**<br>বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০২৬-এর তৃতীয় অধ্যায়ে বর্ণিত 'মেড ইন বাংলাদেশ-কে বৈশ্বিক বাজারে আরো শক্ত অবস্থানে তুলে ধরতে গুরুত্বারোপ করা হয়েছে, সে বিবেচনায় এ খাতকে এ মন্ত্রণালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। ইশতেহারের প্রতিশ্রুতি অনুযায়ী রপ্তানি বাজার সম্প্রসারণ ও পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে রপ্তানির পরিমাণ বৃদ্ধি করা সম্ভব। রপ্তানির পরিমাণ বৃদ্ধি পেলে তা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ইতিবাচক প্রভাব রাখবে। সে লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন রপ্তানি উন্নয়ন ব্যুরো বিদেশে বাংলাদেশি পণ্যের নতুন বাজার সৃষ্টিতে কাজ করবে। | • রপ্তানি বৈচিত্র্য বৃদ্ধিকরণ ও বাংলাদেশি পণ্যের নতুন বাজার সৃষ্টি |
| **২. নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য ভোক্তা সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে সীমিত রাখা**<br>নিত্য প্রয়োজনীয় পণ্য জনসাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখা সরকারের অন্যতম প্রধান অঙ্গীকার। অপরিহার্য পণ্যের মূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখলে তা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে। সরকার ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর মাধ্যমে ডাল, তেল, পেঁয়াজ, ছোলা, চিনি ইত্যাদি ন্যায্য মূল্যে খোলা বাজারে বিক্রয় করে। এ কারণে এ খাতকে মন্ত্রণালয়ের দ্বিতীয় অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | • নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ বৃদ্ধি এবং পণ্যমূল্য স্থিতিশীল রাখা |
| **৩. ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ**<br>সাধারণ মানুষ পণ্যের মান, অত্যধিক মূল্য ইত্যাদির কারণে যাতে ক্ষতির সম্মুখীন না হয় তা নিশ্চিত করা এ মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মাধ্যমে ঢাকাসহ সারাদেশে বাজার মনিটরিং করা হয়। এ কারণে এ খাতকে মন্ত্রণালয়ের অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | • ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ |
| **৪. ব্যবসায় ব্যয় হ্রাসসহ ব্যবসা-শিল্প প্রসারের উপযোগী উন্মুক্ত ও সাম্যভিত্তিক প্রতিযোগিতার ভিত্তি প্রতিষ্ঠা**<br>ব্যবসা-বাণিজ্য অর্থনীতির চালিকা শক্তি। ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ তৈরি করা গেলে তা কর্মসংস্থান সৃষ্টি, দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও রপ্তানি আয়ের মাধ্যমে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখবে। | • ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি |
| **৫. দ্বি-পাক্ষিক ও আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদন** | • রপ্তানি বৈচিত্র্য বৃদ্ধিকরণ ও |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| মসৃণ ও টেকসই গ্রাজুয়েশেনের লক্ষ্যে অগ্রাধিকার বাজার সুবিধা ধরে রাখা এবং নতুন বাজারে প্রবেশাধিকার নিশ্চিতকল্পে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী দ্বি-পাক্ষিক ও আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদন এ মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। এ কারণে এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | বাংলাদেশি পণ্যের নতুন বাজার সৃষ্টি |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, বাণিজ্য মন্ত্রণালয় | ৪৪৮,৭৭,৭৩ | ৭৬৭,০৬,৪৮ | ১৮০,০২,০০ | ১৯৪,৪৯,৬৪ | ২১০,০৬,৪৫ |
| বিদেশে অবস্থিত বাণিজ্যিক কার্যালয়সমূহ | ৯৭,৮৩,২৭ | ৮৯,২৮,৬৯ | ৮৯,৪৫,০০ | ৯৬,৫৪,১২ | ১০৪,২৬,৪৫ |
| আমদানি ও রপ্তানি মূখ্য নিয়ন্ত্রকের দপ্তর (সিসিআইই) | ১০,৩৯,০০ | ৮,৩৬,৫০ | ১০,৩৩,০০ | ১০,৫৫,০০ | ১১,৬৬,০০ |
| সিসিআইই-আঞ্চলিক অফিসসমূহ | ৮,৭৮,০০ | ৮,২৬,২৫ | ৭,৯৪,০০ | ৯,১৮,১৬ | ৯,৬৫,০১ |
| প্রধান কার্যালয়, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | ১১,১৭,৪৫ | ৯,৮৪,৫২ | ১১,১৩,৭৫ | ১২,০১,২২ | ১২,৯৬,৮৩ |
| বিভাগীয় যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়সমূহ | ১,৭৬,৫৫ | ১,৫৮,৪১ | ১,৬৫,২৫ | ১,৮০,১০ | ১,৯৫,০০ |
| জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ১১,৩৩,০০ | ৯,৮২,২৪ | ১২,৪০,০০ | ১২,১৮,০৬ | ১২,৪১,৭৭ |
| বিভাগীয় কার্যালয়সমূহ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ৬,৭৮,০০ | ৫,৮৮,৩১ | ৫,৪১,০০ | ৬,১৩,০০ | ৬,৬৮,০০ |
| জেলা কার্যালয়সমূহ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ১০,৭৭,০০ | ৯,৪২,০০ | ৯,৯১,০০ | ১১,৬২,৭০ | ১৩,২৩,৪৯ |
| **সর্বমোট :** | **৬০৭,৬০,০০** | **৯০৯,৫৩,৪০** | **৩২৮,২৫,০০** | **৩৫৪,৫২,০০** | **৩৮২,৮৯,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | **নগদ মজুরি ও বেতন** | ১০৩,৯১,৮৬ | ৯৬,৮০,৭৯ | ৯৮,১৮,৮৭ | ১০৯,২৮,৪২ | ১১৬,৭৭,৮০ |
| ৩২১১ | **প্রশাসনিক ব্যয়** | ৬৩,২৫,২৮ | ৫৬,৯৯,২৭ | ৬০,৪৩,৭৫ | ৬১,২৬,৫৬ | ৬৪,১৫,৪৭ |
| ৩২২১ | **ফি, চার্জ ও কমিশন** | ৮০,০১ | ২,১৫,৬২ | ৪৮,৭৯ | ৩৫,৫৭ | ৩৯,০৫ |
| ৩২৩১ | **প্রশিক্ষণ** | ৮,৭৬,০০ | ৮,৮৫,৬০ | ৫,৮৭,০৮ | ২,৯৩,৮৬ | ৩,০৯,৯৬ |
| ৩২৪৩ | **পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট** | ৪,২৯,৮২ | ৩,০৬,৭২ | ৩,৬১,১১ | ৪,০৩,৪২ | ৪,৫০,৪০ |
| ৩২৪৪ | **ভ্রমণ ও বদলি** | ১৬,৫২,৩২ | ১৫,১০,০১ | ১৪,৩৫,৭১ | ১৮,১৮,৭১ | ১৯,৪০,০৯ |
| ৩২৫৫ | **মুদ্রণ ও মনিহারি** | ৪,৪৯,৩৫ | ৩,৬১,৪১ | ৩,৬১,৩০ | ৪,৫৫,৫০ | ৪,৯০,৬২ |
| ৩২৫৬ | **সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী** | ২১,০১ | ২২,১২ | ১৫,৯৫ | ২০,৫৫ | ২৮,১০ |
| ৩২৫৭ | **পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়** | ২৪,০১,২৬ | ২৮,৮৯,৬৪ | ১১,০৬,৮৪ | ৫,৮২,১৮ | ৭,১৩,৮৯ |
| ৩২৫৮ | **মেরামত ও সংরক্ষণ** | ১১,৫৫,৮৭ | ৯,৩৯,৫৯ | ১০,৪১,২৮ | ১১,৩৮,০৭ | ১২,৭২,৫১ |
| ৩৫১২ | **সরকারি আর্থিক প্রতিষ্ঠানকে দেয় ভরতুকি** | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩৬৩১ | **আবর্তক অনুদান** | ৭০,৯২,৩৮ | ৯৪,১৭,৭৭ | ৬৬,১৬,৪৭ | ৭০,৭৬,২২ | ৭৫,৯৮,১৭ |
| ৩৬৩২ | **মূলধন অনুদান** | ১,৯৯,৩০ | ১,৭৫,৫২ | ৬,০৪,০৬ | ২,৮১,০৪ | ২,৪৫,৯৪ |
| ৩৮২১ | **আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়** | ৬৪,০৭ | ৪৪,৮৩ | ৪৪,৮৯ | ৫৫,৬১ | ৬১,৮২ |
| ৩৮২৩ | **প্রকল্পের আবর্তক স্থানান্তর** | ৪৬,০০ | ৩,১০,৮১ | ০ | ০ | ০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ৩৯১১ | **সংরক্ষিত** | ৮,৭১,০৫ | ০ | ৩,৪৫,০০ | ১,৫০,০০ | ৩,০০,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৩২০,৫৫,৫৮** | **৩২৪,৫৯,৭০** | **২৮৪,৩১,১০** | **২৯৩,৬৫,৭১** | **৩১৫,৪৩,৮২** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | **ভবন ও স্থাপনাসমূহ** | ১৫৩,৪৯,০০ | ১৬০,২০,০০ | ২১,০২,৫০ | ০ | ০ |
| ৪১১২ | **যন্ত্রপাতি ও সরঞ্জামাদি** | ৯৫,৫৭,৪২ | ২৮৫,৩৯,২০ | ১৩,৭৭,৩১ | ১১,০৭,৯১ | ১৩,১০,১১ |
| ৪১১৩ | **অন্যান্য স্থায়ী সম্পদ** | ২৫,৮০,০০ | ১৩৬,৫৯,৬০ | ৫,৩৪,০৯ | ৩,৬৬,৩৮ | ৪,৫৪,০৭ |
| ৪১৪১ | **ভূমি** | ৯,৩৯,০০ | ২,৬৩,০০ | ২,৯৫,০০ | ৪৬,১২,০০ | ০ |
| ৪২১১ | **প্রকল্প মূলধন ব্যয়** | ৪,০০ | ১১,৯০ | ০ | ০ | ০ |
| ৪৯১১ | **সংরক্ষিত** | ২,৭৫,০০ | ০ | ৮৫,০০ | ০ | ০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২৮৭,০৪,৪২** | **৫৮৪,৯৩,৭০** | **৪৩,৯৩,৯০** | **৬০,৮৬,২৯** | **৬৭,৪৫,১৮** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | **ঋণ** | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৭২১৬ | **সমমূলধন (Equity) ও বিনিয়োগ তহবিল শেয়ার** | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | **০** |
| | **সর্বমোট :** | **৬০৭,৬০,০০** | **৯০৯,৫৩,৪০** | **৩২৮,২৫,০০** | **৩৫৪,৫২,০০** | **৩৮২,৮৯,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. রপ্তানি সম্প্রসারণ | ৩ | বিলিয়ন ডলার | ৫৭.৫০ | ৪৮.২৮ | ৮৮.৫ | ৬৩.৫ | ৭০.৫০ | ৭৯ | ৮৭ |
| ২. বাণিজ্য উন্মুক্তকরণ | ১ | % (জিডিপি'র তুলনায় বৈদেশিক বাণিজ্যের হার) | ২১.৭১ | ১৭.৫৪ | ২৮.৪৭ | ২৭.১৮ | ২৮.২২ | ২৩.৫৭ | |
| ৩. দ্বি-পাক্ষিক আঞ্চলিক বাণিজ্যের ক্ষেত্রে অবস্থানপত্র প্রেরণ | ১ | সংখ্যা | ৮ | ১০ | ৮ | ৮ | ৮ | ৮ | ৮ |
| ৪. বহুপাক্ষিক আঞ্চিলিক বাণিজ্যের ক্ষেত্রে ডেলিগেশন প্রেরণ | ১ | সংখ্যা | ২০ | ২০ | ১৮ | ১৮ | ১৭ | ১৭ | ১৭ |
| ৫. পণ্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বাজার মনিটরিং | ২ | সংখ্যা | ৪০০ | ৬৮৫ | ৪২০ | ৪২০ | ৪৪০ | ৪৬০ | ৪৮০ |
| ৬. ভোক্তার অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | ৪ | % | ৫৯ | ৮৭.৪১ | ৬০ | ৬০ | ৬২ | ৬৪ | ৬৬ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** গত ০৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশের প্রথম দ্বি-পাক্ষিক বাংলাদেশ-জাপান অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষর করা হয়েছে। **রপ্তানি নীতি ২০২৪-২৭ গত ১৫ অক্টোবর ২০২৪ তারিখ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশ থেকে বিভিন্ন দেশে ৮০৬টি পণ্য রপ্তানি করা হয়েছে। স্বর্ণ নীতিমালা** (Gold Policy)-**২০১৮ (সংশোধিত)-২০২১ এর ৩.২ (ক) ধারা অনুসারে পরিশোধনাগার স্থাপন ও পরিচালনার লক্ষ্যে বসুন্ধরা গোল্ড রিফাইনারী লিমিটেড এর অনুকূলে শর্তসাপেক্ষে সময়সীমা ২২শে জুন ২০২৫ থেকে ২১ জুন ২০২৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর ব্যবস্থাপনায় ২০২৪-২৫ অর্থবছরে ২০টি আন্তর্জাতিক মেলায় বাংলাদেশ অংশগ্রহণ করেছে।**

**২০২৫ সালে দেশের ১৭১টি চা বাগান ও উত্তরাঞ্চলের ৮,০০০ এর অধিক ক্ষুদ্রায়তন চা বাগানে ৯৪.৯১ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছে, যা অভ্যন্তরীণ ভোগ মিটিয়ে রপ্তানির নতুন বাজার সৃষ্টিতে ভূমিকা রাখছে।** রপ্তানি পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে রপ্তানি নীতি ২০২৪-২৭ এ সর্বোচ্চ অগ্রাধিকার খাত ও বিশেষ অগ্রাধিকার খাতে বিশেষ নীতি সুবিধা ঘোষণা করা হয়েছে। পণ্য ও বাজার বহুমুখীকরণ এবং বিদেশে নতুন নতুন বাজার সৃষ্টিতে নগদ সহায়তা প্রদান করা হচ্ছে। ২০২৫-২০২৬ অর্থবছরে ৪৩টি পণ্য ও সেবা খাতে ০.৩০% হতে ১০% নগদ সহায়তা প্রদান করা হয়েছে। পণ্যভিত্তিক রপ্তানিকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিবছর একটি পণ্যকে 'বর্ষপণ্য' ঘোষণা করা হয়ে থাকে। সর্বশেষ "কাগজ ও প্যাকেজিং পণ্য"কে বর্ষপণ্য ২০২৬ (Product of the Year)' ঘোষণা করা হয়েছে। পণ্যে বহুমুখীকরণের লক্ষ্যে চামড়া ও চামড়াজাত পণ্য, লাইট ইঞ্জিনিয়ারিং এবং প্লাস্টিক খাতের ব্যাপক উন্নয়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের সহায়তায় ১০১২.১২ কোটি টাকা ব্যয়ে "Export Competitiveness for jobs" শীর্ষক প্রকল্প চলমান আছে। 'Export Readiness Fund' হতে ৪টি খাতের Compliance সহ রপ্তানির সক্ষমতা বাড়ানোর কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। রপ্তানি সম্প্রসারণ ও বহুমুখীকরণে স্বর্ণ খাত, একটিভ ফার্মাসিটিক্যাল ইনগ্রেডিয়েন্টস ও ল্যাবরেটরি বিকারক খাতে পৃথক নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ট্রানজিটসহ দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোশিয়েশনে অংশগ্রহণ | নেগোসিয়েশন সভায় অংশগ্রহণ | ১ | সংখ্যা | ১০ | ১২ | ১১ | ১৫ | ১৫ | ১৫ | ২০ |
| ২. বিদেশে বাণিজ্যিক মিশন স্থাপন | স্থাপিত মিশন | ৩ | | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৩. বাজার মনিটরিং | বাজার মনিটরিং | ২ | | ৪০০ | ৬৮৫ | ৪২০ | ৪২০ (৩৮০) | ৪৪০ | ৪৬০ | ৪৮০ |
| ৪. রপ্তানি বৃদ্ধি ও বহুমুখীকরণের জন্য যুগোপযোগী রপ্তানি নীতি প্রণয়ন | রপ্তানি নীতিমালা প্রণয়ন | ১ | সংখ্যা | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ |

#### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১১৭০১০১ - সচিবালয়, বাণিজ্য মন্ত্রণালয় | | ৩৯,২৮,৮৯ | ৭৬,৩২,০৫ | ৮৭,৪০,৯০ | ৫৮,৮৬,০০ | ৬৫,২৫,৩৮ | ৭২,১৬,৩৪ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৩৯,২৮,৮৯** | **৭৬,৩২,০৫** | **৮৭,৪০,৯০** | **৫৮,৮৬,০০** | **৬৫,২৫,৩৮** | **৭২,১৬,৩৪** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০১১৫০০ - বাজার মনিটরিং | ১ | ৫২,৯০ | ৯৮,০০ | ৮১,০০ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ |
| ১২৭০০৬৩০১ - গ্লোবাল সিস্টেম অব ট্রেড প্রিফারেন্স (জিএসটিপি) | ১ | ৩,৫৭ | ৫,০০ | ৫,০০ | ৫,০০ | ৫,০০ | ৫,০০ |
| ১২৭০১১৬০১ - ইসলামিক ব্যবসা উন্নয়ন কেন্দ্র | ১ | ২৯,৯২ | ৪০,০০ | ৪০,০০ | ৪০,০০ | ৪০,০০ | ৪০,০০ |
| ১২৭০১৯৩০১ - ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন (সাবেক গ্যাট) | ১ | ৫,৬১,৭৯ | ৭,৫০,০০ | ৭,৫০,০০ | ৮,০০,০০ | ৮,১০,০০ | ৮,২০,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **৬,৪৮,১৮** | **৮,৯৩,০০** | **৮,৭৬,০০** | **৯,৪৫,০০** | **৯,৫৫,০০** | **৯,৬৫,০০** |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০০৩০০০ - বিজনেস প্রমোশন কাউন্সিল | ১ | ১১,৪৩,৩৬ | ১২,০২,০০ | ৮,১০,১৬ | ৯,০০,০০ | ৯,৪৫,০০ | ৯,৯২,২৫ |
| ১৩১০১৯৬০১ - জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ | ১ | ১০,২০,০০ | ১০,৪১,০০ | ১০,১৬,০০ | ১০,৯০,০০ | ১১,৪৪,৫০ | ১২,০১,৭৩ |
| ১৩১০১৯৭০১ - বাংলাদেশ প্রতিযোগীতা কমিশন | ১ | ৮,৩২,০০ | ৯,৮২,০০ | ৭,৬১,০৮ | ৮,৮৪,০০ | ৯,৫৪,৭২ | ১০,৩১,১০ |
| ১৩৫০০১৫০০ - ইনস্টিটিউট অব চাটার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ | ১ | ৩,৪০,১২ | ৩,৯০,০০ | ৩,৪৯,২০ | ৩,৪৯,০০ | ৩,৬৬,৪৫ | ৩,৮৪,৭৭ |
| ১৩৫০০১৬০০ - ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টস | ১ | ৩,৬৮,২০ | ৩,৭৮,০০ | ৩,৪৪,৫০ | ৩,৪৫,০০ | ৩,৬২,২৫ | ৩,৮০,৩৬ |
| ১৩৫০১৩৮০০ - ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টস | ১ | ৩,৮২,০০ | ৩,৮৮,০০ | ৩,৪৬,০০ | ৩,৪৬,০০ | ৩,৬৩,৩০ | ৩,৮১,৪৭ |
| ১৩৫০১৭৩০১ - বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) | ১ | ২,১৯,০০ | ২,২৫,০০ | ২,২৫,০০ | ২,০০,০০ | ২,১০,০০ | ২,২০,৫০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **৪৩,০৪,৬৮** | **৪৬,০৬,০০** | **৩৮,৫১,৯৪** | **৪১,১৪,০০** | **৪৩,৪৬,২২** | **৪৫,৯২,১৮** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৮৮,৮১,৭৫** | **১৩১,৩১,০৫** | **১৩৪,৬৮,৮৪** | **১০৯,৪৫,০০** | **১১৮,২৬,৬০** | **১২৭,৭৩,৫২** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১১৭ - বাণিজ্য মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-২ | ০ | ২,৭৫,০০ | ০ | ৮৫,০০ | ০ | ৪৯,৮১,০০ |
| ২২৩০০২৯০০ - বাংলাদেশ রিজিওনাল কানেকটিভিটি প্রজেক্ট-১: এমওসি কম্পোনেন্ট (৩য় সংশোধিত) (০১/০১/২০১৭-৩১/১২/২০২৬) অনুমোদিত | ১ | ৭,২৬,২৮ | ১২,৪১,০০ | ১২,৫০,০০ | ১২,৩৪,০১ | ০ | ০ |
| ২২৩০১২৭০০ - এক্সপোর্ট কমপিটিটিভনেস ফর জবস (৩য় সংশোধিত) (০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১ | ১১৬,৬৬,১৬ | ২৬৫,৫৬,০০ | ৫৯১,৪১,০০ | ২৭,৩৩,৯৯ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **১২৩,৯২,৪৪** | **২৮০,৭২,০০** | **৬০৩,৯১,০০** | **৪০,৫৩,০০** | **০** | **৪৯,৮১,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **১২৩,৯২,৪৪** | **২৮০,৭২,০০** | **৬০৩,৯১,০০** | **৪০,৫৩,০০** | **০** | **৪৯,৮১,০০** |
| **মোট :** | | **২১২,৭৪,১৯** | **৪১২,০৩,০৫** | **৭৩৮,৫৯,৮৪** | **১৪৯,৯৮,০০** | **১১৮,২৬,৬০** | **১৭৭,৫৪,৫২** |

## ৬.২ আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** সেবা গ্রহীতাদের দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে এবং দপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের জন্য Online Licensing Module (OLM) প্রবর্তন করা হয়েছে এবং প্রায় সকল সেবা (৫৪ টি) এই OLM এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। **আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সাথে OLM সিস্টেমের সাথে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান যেমন বিডা, ই-চালান, এ-চালান, আরজেএসসি, আইবাস, বাংলাদেশ ব্যাংক, বিএসডাব্লিউ এর অনলাইন সিস্টেমের সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। এছাড়া ই-টিন, এসাইকুডা, বিসিক এর সাথে MoU সম্পন্ন হয়েছে এবং ইন্টিগ্রেশনের কাজ চলমান রয়েছে। বিগত ০৩ (তিন)** অর্থবছরে (২০২৩-২৪ হতে ২০২৫-২৬ (জানুয়ারি/২০২৬) পর্যন্ত) রাজস্ব আদায় হয়েছে প্রায় ৩৫১ কোটি টাকা।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. OLM এর মাধ্যমে আমদানি ও রপ্তানি সনদ প্রদান | সনদপত্র জারী | ১ | সংখ্যা | ১৫০০০ | ৮০৯৫ | ১৬০০০ | ১২০০০ | ১৬৫০০ | ১৭০০০ | ১৭৫০০ |
| ২. OLM এর মাধ্যমে আমদানি ও রপ্তানি সনদ নবায়ন | সনদপত্র নবায়ন | ১ | সংখ্যা | ৬০০০০ | ৪৮২৫২ | ৬৫০০০ | ৬৫০০০ | ৭০০০০ | ৮০০০০ | ৮৫০০০ |
| ৩. আমদানি পারমিট জারী | পারমিট জারী | ১ | সংখ্যা | ১৫০০০ | ৫২২১ | ১৫০০০ | ১২০০০ | ১৭০০০ | ১৭৫০০ | ১৮০০০ |
| ৪. রপ্তানি পারমিট জারী | পারমিট জারি | ১ | সংখ্যা | ৫০০০ | ১৬২৩ | ৭০০০ | ৫০০০ | ৮০০০ | ৮৫০০ | ৯০০০ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১১৭০৩০১ - আমদানি ও রপ্তানি মূখ্য নিয়ন্ত্রকের দপ্তর (সিসিআইই) | ১ | ৭,০৩,০৯ | ১০,৩৯,০০ | ৮,৩৬,৫০ | ১০,৩৩,০০ | ১০,৫৫,০০ | ১১,৬৬,০০ |
| ১১৭০৩০২ - সিসিআইই-আঞ্চলিক অফিসসমূহ | ১ | ৬,৬৪,১৭ | ৮,৭৮,০০ | ৮,২৬,২৫ | ৭,৯৪,০০ | ৯,১৮,১৬ | ৯,৬৫,০১ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৩,৬৭,২৬** | **১৯,১৭,০০** | **১৬,৬২,৭৫** | **১৮,২৭,০০** | **১৯,৭৩,১৬** | **২১,৩১,০১** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৩,৬৭,২৬** | **১৯,১৭,০০** | **১৬,৬২,৭৫** | **১৮,২৭,০০** | **১৯,৭৩,১৬** | **২১,৩১,০১** |
| **মোট :** | | **১৩,৬৭,২৬** | **১৯,১৭,০০** | **১৬,৬২,৭৫** | **১৮,২৭,০০** | **১৯,৭৩,১৬** | **২১,৩১,০১** |

### ৬.৩ যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন: গ্রাহকসেবা সহজীকরণের লক্ষ্যে** কর ব্যতীত রাজস্ব, সকল ফিস, ভ্যাট ও স্ট্যাম্প ডিউটি বাবদ আদায়কৃত টাকা **এ চালানের** (Automated challan) **মাধ্যমে সরাসরি ট্রেজারিতে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সরকারি** রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে, যেসকল কোম্পানির রিটার্ন বকেয়া রয়েছে সেসকল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক এবং কোম্পানি সেক্রেটারিকে SMS ও Email এর মাধ্যমে কোম্পানির বকেয়া রিটার্ন জমা দেওয়ার বিষয়ে অবহিত করা হচ্ছে। দুদক, সিআইডি, বাংলাদেশ ব্যাংকসহ বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক রেকর্ডভুক্ত কোম্পানির চাহিত তথ্য সরবরাহের জন্য ওয়েব পোর্টাল চালু করা হয়েছে, যার মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে বিভিন্ন সরকারি দপ্তর ওয়েব পোর্টাল থেকে সফটকপির মাধ্যমে তথ্য সংগ্রহ করতে পারে। দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য চালু করা হয়েছে, একক ডিজিটাল গেটওয়ে 'বাংলা বিজ' (BanglaBiz) ওয়েব পোর্টাল, যার মাধ্যমে কোম্পানিসহ বিভিন্ন সেবা গ্রহীতা ওয়ান-স্টপ সার্ভিসে গ্রহণ করতে পারবে। বিগত ৩ অর্থবছরে (২০২২-২৩ হতে জানুয়ারি/২০২৬) কর ব্যতীত রাজস্ব আদায় হয়েছে প্রায় ৫৭৯ কোটি টাকা। এছাড়াও, উল্লেখিত সময়ে প্রায় ২৯৭ কোটি টাকার স্ট্যাম্প ডিউটি এবং প্রায় ৮৭ কোটি টাকা ভ্যাট আদায় করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং সংগঠন নিবন্ধন সহায়ক কার্যক্রম | নিবন্ধন প্রদান | ১ | সংখ্যা হাজার | ১০ | ১০ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণ | নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত রিটার্ন পরীক্ষা-নিরীক্ষান্তে রেকর্ডভূক্তকরণ | | সংখ্যা হাজার | ১২৫ | ২১৩ | ১৫০ | ২০০ | ২২৫ | ২৫০ | ২৭৫ |
| | ডিজিটাল স্বাক্ষরের মাধ্যমে সকল রেকর্ডকৃত রিটার্নের সার্টিফাইড কপি প্রদান | | | ৭০ | ৭৩ | ৮০ | ৮০ | ৮২ | ৮৪ | ৮৬ |
| ৩. বন্ধকী বিবরণী নিবন্ধন | কোম্পনি কর্তৃক গৃহীত চার্জ/বন্ধকের বিবরণী নিবন্ধন প্রদান | | সংখ্যা হাজার | ৪ | ৫ | ৫ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪. নাগরিক সেবায় Paperless অফিস বাস্তবায়ন | Paplerless পদ্ধতিতে আবেদন গ্রহণ | | শতাংশ | ২৫ | ২০ | ৪০ | ৩০ | ৪৫ | ৫০ | ৫৫ |
| | ম্যানুয়াল রেকর্ডপত্রাদি ডিজিটাল আর্কাইভে স্থানান্তর | | শতাংশ | ৫০ | ৫০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১১৭০৪০১ - প্রধান কার্যালয়, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয় | ১ | ৯,৮৯,৩০ | ১১,১৭,৪৫ | ৯,৮৪,৫২ | ১১,১৩,৭৫ | ১২,০১,২২ | ১২,৯৬,৮৩ |
| ১১৭০৪০২ - বিভাগীয় যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়সমূহ | ১ | ৯৩,৯২ | ১,৭৬,৫৫ | ১,৫৮,৪১ | ১,৬৫,২৫ | ১,৮০,১০ | ১,৯৫,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১০,৮৩,২২** | **১২,৯৪,০০** | **১১,৪২,৯৩** | **১২,৭৯,০০** | **১৩,৮১,৩২** | **১৪,৯১,৮৩** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১০,৮৩,২২** | **১২,৯৪,০০** | **১১,৪২,৯৩** | **১২,৭৯,০০** | **১৩,৮১,৩২** | **১৪,৯১,৮৩** |
| **মোট :** | | **১০,৮৩,২২** | **১২,৯৪,০০** | **১১,৪২,৯৩** | **১২,৭৯,০০** | **১৩,৮১,৩২** | **১৪,৯১,৮৩** |

## ৬.৪ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** ভোক্তাদের অভিযোগ দ্রুতসময়ে গ্রহণ ও নিষ্পত্তির লক্ষ্যে CCMS (Consumer Complaint Managemant System) শীর্ষক ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরে ৩৫,৬৪০টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের বিভিন্ন ধারায় দোষী সাব্যস্ত করে

৭৬১৬৫টি বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে মোট ৫৭.৪৮ কোটি টাকা জরিমানা আদায় করা হয়েছে। তাছাড়া উক্ত সময়ে মোট ১৫০৪১৩টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ৭,০৫,০০০টি পোস্টার, লিফলেট, প্যাম্ফলেট, স্টিকার এবং ক্যালেন্ডার মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভোক্তা সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্ফলেট, লিফলেট ও ক্যালেন্ডার মুদ্রণ এবং বিতরণ | বিতরণকৃত প্যাম্ফলেট | ৪ | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ০ | ৩.০০ | ০.৫ | ০.৫ | ০.৫৫ | ০.৬০ |
| | বিতরণকৃত লিফলেট | | | ৪.০০ | ০ | ৪.০০ | ০.৫ | ০.৫ | ০.৫৫ | ০.৬০ |
| ২. ভোক্তা-অধিকার সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/ ওয়ার্কশপ/ মতবিনিময় সভা/ সচেতনতামূলক সভা আয়োজন | অনুষ্ঠেয় সেমিনার/ওয়ার্কশপ/ মতবিনিময় সভা | ৪ | সংখ্যা | ৭৭০ | ৭৬৭ | ৭৭০ | ১৫০ | ১৫০ | ১৬৫ | ১৮২ |
| | অনুষ্ঠেয় সচেতনতামূলক সভা | | | ১০০০ | ৯৮২ | ১০০০ | ৫৬২ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ৩. ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধে বাজার তদারকি অভিযান পরিচালনা | সম্পাদিত বাজার তদারকি অভিযান | ৪ | সংখ্যা | ১১০০০ | ১২৮২২ | ১১০০০ | ৯০৯৩ | ১১০০০ | ১১০০০ | ১১০০০ |
| ৪. ভোক্তার অভিযোগ তদন্ত ও নিষ্পত্তি | নিষ্পত্তিকৃত অভিযোগ | ৪ | % | ৫৯ | ৮৭.৪১ | ৬০ | ৬০ | ৬২ | ৬৪ | ৬৬ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১১৭০৫০১ - জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ১ | ৮,৯৬,৪৪ | ১১,৩৩,০০ | ৯,৮২,২৪ | ১২,৪০,০০ | ১২,১৮,০৬ | ১২,৪১,৭৭ |
| ১১৭০৫০২ - বিভাগীয় কার্যালয়সমূহ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ১-৪ | ৪,৩৩,৪৭ | ৬,৭৮,০০ | ৫,৮৮,৩১ | ৫,৪১,০০ | ৬,১৩,০০ | ৬,৬৮,০০ |
| ১১৭০৫০৩ - জেলা কার্যালয়সমূহ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | ১-৪ | ৭,৯৮,১২ | ১০,৭৭,০০ | ৯,৪২,০০ | ৯,৯১,০০ | ১১,৬২,৭০ | ১৩,২৩,৪৯ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **২১,২৮,০৩** | **২৮,৮৮,০০** | **২৫,১২,৫৫** | **২৭,৭২,০০** | **২৯,৯৩,৭৬** | **৩২,৩৩,২৬** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **২১,২৮,০৩** | **২৮,৮৮,০০** | **২৫,১২,৫৫** | **২৭,৭২,০০** | **২৯,৯৩,৭৬** | **৩২,৩৩,২৬** |
| **মোট :** | | **২১,২৮,০৩** | **২৮,৮৮,০০** | **২৫,১২,৫৫** | **২৭,৭২,০০** | **২৯,৯৩,৭৬** | **৩২,৩৩,২৬** |

## ৬.৫ বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে চলতি অর্থবছরে ৮৫টি প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। অধিকন্তু, বিভিন্ন খাতইলিশ মাছ :উপখাত ওয়ারি যেমন-, বোতলজাত পানি, সবজি বাজার ব্যবস্থাপনা এবং রাবার শিল্প সহ মোট ০৪টি সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। বিভিন্ন দেশের সাথে মুক্ত বা অগ্রাধিকার বাণিজ্য চুক্তি সম্পাদনের লক্ষ্যে ২০২৪টি সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন প্রণয়ন করা হ০৪ অর্থবছরে মোট ২৫-য়েছে। এছাড়া, কমিশন কর্তৃক Identifying the area of product for imposing anti-dumping and countervailing duties বিষয়ে প্রয়োজনীয় স্টাডি

পরিচালনা করা হয়েছে। কমিশনে গঠিত অত্যাবশ্যকীয় পণ্য বিপণন মনিটরিং সেল সরকার ঘোষিত অত্যাবশ্যকীয় পণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজারদর পর্যালোচনা করে অত্যাবশ্যকীয় পণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণে সরকারকে পরামর্শ প্রদানে আলু, পেঁয়াজ, লবণ, চাল, গম, রাইস ব্রান অয়েল ইত্যাদি পণ্যের স্থানীয় উৎপাদন, আমদানি, চাহিদা ইত্যাদি বিবেচনায় সাপ্লাই চেইন স্থিতিশীল রাখার জন্য সুপারিশ করা হয়েছে। পবিত্র মাহে রমজানে রমজান কেন্দ্রিক বর্ধিত চাহিদা সম্পন্ন পণ্য যেমন খেজুর, মসলা জাতীয় পণ্যের মূল্য ও সরবরাহ বিষয়ে সুপারিশ করা হয়েছে। জাতীয় স্বার্থ সংরক্ষণে বিভিন্ন পর্যায়ের নেগোশিয়েনের যেমনজাপান ইপিএ-বাংলাদেশ :, বাংলাদেশসিঙ্গাপুর- এফটিএ-তে অংশগ্রহণের পাশাপাশি কমিশন কর্তৃক দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্যে নেগোশিয়েনের জন্য ব্রিফ, ইনপুট, মতামত ও কৌশলপত্র ইত্যাদি ৫৪টি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণে পণ্যের উৎপাদন ব্যয় বিশ্লেষণ পূর্বক ট্যারিফ হার নির্ধারণ-পুনঃনির্ধারণ | ট্যারিফ হার নির্ধারণ/ পুনঃনির্ধারণ | ১ | সংখ্যা | ৮৪ | ৮৫ | ৮৭ | ৮৭ | ৮৮ | ৮৯ | ৯০ |
| ২. জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনের ক্ষেত্রে কৌশলগত সহায়তা প্রদান | কৌশলপত্র | ১ | সংখ্যা | ৫২ | ৫৪ | ৫৫ | ৫৫ | ৫৬ | ৫৭ | ৫৮ |
| ৩. নির্বাচিত সাব-সেক্টরসমূহের প্রভাব মূল্যায়ন এবং আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত সমীক্ষা পরিচালনা | রিপোর্ট | ১ | সংখ্যা | ০৪ | ০৯ | ০৫ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০০২৮০০ - বাংলাদেশ ট্যারিফ কমিশন | ১ | ১২,৩১,৫২ | ১২,৫৩,০০ | ১১,৫৫,০০ | ১৩,৬৮,০০ | ১৪,৭৭,৪৪ | ১৫,৯৫,৬৪ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১২,৩১,৫২** | **১২,৫৩,০০** | **১১,৫৫,০০** | **১৩,৬৮,০০** | **১৪,৭৭,৪৪** | **১৫,৯৫,৬৪** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১২,৩১,৫২** | **১২,৫৩,০০** | **১১,৫৫,০০** | **১৩,৬৮,০০** | **১৪,৭৭,৪৪** | **১৫,৯৫,৬৪** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪৩৫২৬০০ - বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০১/২০২২ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | | ৪০,০০ | ৫০,০০ | ৩,২২,৭১ | ০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৪০,০০** | **৫০,০০** | **৩,২২,৭১** | **০** | **০** | **০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৪০,০০** | **৫০,০০** | **৩,২২,৭১** | **০** | **০** | **০** |
| **মোট :** | | **১২,৭১,৫২** | **১৩,০৩,০০** | **১৪,৭৭,৭১** | **১৩,৬৮,০০** | **১৪,৭৭,৪৪** | **১৫,৯৫,৬৪** |

## ৬.৬ রপ্তানি উন্নয়ন ব্যুরো

**৬.৬.১ সাম্প্রতিক অর্জন:** ২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরে মোট রপ্তানি আয় হয় যথাক্রমে ৪৬.৪৩, ৪৪.৪৭ এবং ৪৮.২৮ বিলিয়ন মার্কিন ডলার এবং প্রবৃদ্ধির হার ছিল যথাক্রমে ১০.৮৫%, ৪.২২% এবং ৮.৫৮%। ঢাকার পূর্বাচল নতুন শহরে নবনির্মিত বাংলাদেশ চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টারে মাসব্যাপী ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের পাশাপাশি গত ০৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরো বিদেশে অনুষ্ঠিত মোট ৮০ টি আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেছে। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে যথাক্রমে ১৪৩টি, ৭৩টি এবং ৭৭টি ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয় রপ্তানি ট্রফি এবং ১৭৬ জন, ১৮০ জন এবং ১৮৪ জন ব্যক্তিকে সিআইপি কার্ড প্রদান করা হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদেশে বাংলাদেশি পণ্যের পরিচিতি ও চাহিদা সৃষ্টি/বৃদ্ধির জন্য বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি মেলা আয়োজন ও অংশগ্রহণ/ প্রদর্শনী কেন্দ্র স্থাপন | বাংলাদেশী পণ্যের রপ্তানি বৃদ্ধি | | | | | | | | | |
| | রপ্তানি আয় | ৩ | বি. মার্কিন ডলার | ৫৭.৫০ | ৪৮.২৮ | ৬৩.৫০ | ৬৩.৫০ | ৭০.৫০ | ৭৯.০০ | ৮৭.০০ |
| | মেলা | | সংখ্যা | ০৯ | ২০ | ৩০ | ৪৭ (২১) | ৩২ | ৩৪ | ৩৫ |
| | সেমিনার | | | ০৩ | ০৮ | ২৩ | ১১ | ২৪ | ২৫ | ২৭ |
| | বাণিজ্য প্রতিনিধি প্রেরণ/আগমন | | | ০২ | ০৩ | ০২ | ০২ | ০২ | ০২ | ০২ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০০১৫০০ - রপ্তানি উন্নয়ন ব্যুরো | ১ | ১২,৯১,০০ | ১৪,৩২,৬৮ | ১৩,৬৮,৯৩ | ১৪,২০,০০ | ১৫,৩৩,৬০ | ১৬,৫৬,২৯ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১২,৯১,০০** | **১৪,৩২,৬৮** | **১৩,৬৮,৯৩** | **১৪,২০,০০** | **১৫,৩৩,৬০** | **১৬,৫৬,২৯** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১২,৯১,০০** | **১৪,৩২,৬৮** | **১৩,৬৮,৯৩** | **১৪,২০,০০** | **১৫,৩৩,৬০** | **১৬,৫৬,২৯** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪০০৪১০০ - * বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার নির্মাণ (০১/০৭/২০১৫ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১ | ০ | ৯,৩৯,০০ | ০ | ২,১৬,০০ | ৪৬,১২,০০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **০** | **৯,৩৯,০০** | **০** | **২,১৬,০০** | **৪৬,১২,০০** | **০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **০** | **৯,৩৯,০০** | **০** | **২,১৬,০০** | **৪৬,১২,০০** | **০** |
| **মোট :** | | **১২,৯১,০০** | **২৩,৭১,৬৮** | **১৩,৬৮,৯৩** | **১৬,৩৬,০০** | **৬১,৪৫,৬০** | **১৬,৫৬,২৯** |

## ৬.৭ বিদেশস্থ বাণিজ্যিক মিশনসমূহ

**৬.৭.১ সাম্প্রতিক অর্জন:** চলতি অর্থবছরে আঙ্কারা, তুর্কিয়ে ও ব্রাসিলিয়া, ব্রাজিলে বাণিজ্যিক মিশনের কার্যক্রম শুরু হয়েছে। দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের ২৪টি বাণিজ্যিক উইং এর কর্মকর্তাগণের সফল বাণিজ্যিক কূটনীতির ফলে অস্ট্রেলিয়া, কানাডা, ইউরোপীয় ইউনিয়ন, জাপান, নিউজিল্যান্ড, নরওয়ে, সুইজারল্যান্ডে বাংলাদেশের প্রায় সকল পণ্য শুল্কমুক্ত প্রবেশাধিকার পেয়েছে। এছাড়া, বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনের ফলে ভারত, চীন, ব্রাজিল, চিলি, দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, সিঙ্গাপুর,দক্ষিণ আফ্রিকা, থাইল্যান্ড ও তুরস্কে স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশের পণ্য তুলনামূলক কম শুল্কে প্রবেশাধিকার পেয়েছে। সাফটা, আপটা, বিমসটেক, টিপিএস-ওআইসি, ডি-৮ ফোরামে গৃহীত সিদ্ধান্ত এবং চলমান

নেগোসিয়েশনের মাধ্যমে শুল্ক ও অশুল্ক বাধা নিরসনে প্রত্যক্ষ ভূমিকা পালন করেছে। বাংলাদেশের পণ্যের বাজার সম্প্রসারণে তথ্য-উপাত্ত প্রদানের ফলে অনেক ক্ষেত্রে দেশের আমদানিকারকগণ প্রতিযোগীতামূলক মূল্যে মানসম্পন্ন পণ্য ও সেবা ক্রয় করতে সক্ষম হয়েছে।

### ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বাণিজ্য সুবিধা আদায় জোরদারকরণ ও সম্প্রসারণ | চুক্তি সম্পাদন | ৩ | সংখ্যা | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ |

### ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১১৭০২০১ - বিদেশে অবস্থিত বাণিজ্যিক কার্যালয়সমূহ | ১ | ৬০,৩৩,৭২ | ৯৭,৮৩,২৭ | ৮৯,২৮,৬৯ | ৮৯,৪৫,০০ | ৯৬,৫৪,১২ | ১০৪,২৬,৪৫ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৬০,৩৩,৭২** | **৯৭,৮৩,২৭** | **৮৯,২৮,৬৯** | **৮৯,৪৫,০০** | **৯৬,৫৪,১২** | **১০৪,২৬,৪৫** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৬০,৩৩,৭২** | **৯৭,৮৩,২৭** | **৮৯,২৮,৬৯** | **৮৯,৪৫,০০** | **৯৬,৫৪,১২** | **১০৪,২৬,৪৫** |
| **মোট :** | | **৬০,৩৩,৭২** | **৯৭,৮৩,২৭** | **৮৯,২৮,৬৯** | **৮৯,৪৫,০০** | **৯৬,৫৪,১২** | **১০৪,২৬,৪৫** |

## ৬.৮ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)

৬.৮.১ **সাম্প্রতিক অর্জন:** সারা বাংলাদেশে ০১ (এক) কোটি কার্ডধারী উপকাভোগীর নিকট ভর্তুকি মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য (মসুর ডাল, ভোজ্য তেল, চিনি) বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের আওতায় জানুয়ারী' ২০২৫ মাস হতে মার্চ ২০২৫ মাস পর্যন্ত ম্যানুয়াল কার্ডের পরিবর্তে স্মার্ট কার্ডের মাধ্যমে ও ভোক্তার রেজিষ্টার্ড মোবাইল নম্বরে ওটিপি এবং এনআইডি ব্যবহার করে জেলা প্রশাসনের প্রতিনিধির উপস্থিতিতে পণ্য বিক্রয় কার্যক্রম পরিচালিত হয়েছে। এপ্রিল ২০২৫ মাস হতে শুধুমাত্র স্মার্ট কার্ড ব্যবহার করে উপকারভোগীদের মধ্যে পণ্য বিক্রয় করা হচ্ছে। টিসিবির ডিলার নিয়োগ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫ মোতাবেক প্রতিটি ওয়ার্ড/ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক ডিলার নিয়োগ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বিগত বছর সমূহের তুলনায় অপেক্ষাকৃত কম মূল্যে পণ্য ক্রয় করা হয়েছে এবং সরকারের ভর্তুকির পরিমাণ হ্রাস পেয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ভর্তুকির পরিমাণ ছিল **৩৪১৬,৭৭,৬৫,৬০০.০০/-টাকা এবং ২০২৪-২৫ অর্থবছর তা কমে দাঁড়ায় ২৭১৭,১৩,২৫,৮৬৩.৪৩/-** টাকা। সরকারের ভর্তুকি হ্রাসের লক্ষ্যে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে/প্রক্রিয়াধীন রয়েছে:

ক। API এর মাধ্যমে টাকা হস্থান্তর করা হচ্ছে।

খ। পণ্যের গড় ক্রয় মূল্য হ্রাস করা হয়েছে (**২০২২-৩ অর্থবছরে গড় ক্রয় মূল্য ছিল ১৫২.৯৪ টাকা, ২০২৩-২৪ অর্থবছরে ছিল ১৯০.০৭ টাকা, ২০২৪-২৫ অর্থবছরে তা কমে হয় ১৪২.২৮ টাকা এবং ২০২৫-২৬ অর্থবছরে তা কমে দাঁড়ায় ১৩৪.৪০ টাকায়)।**

গ। নতুন ৪টি পণ্য অন্তর্ভুক্ত (টয়লেট সোপ, লন্ড্রি সোপ, ডিটারজেন্ট পাউডার ও লবণ) করে ক্রয় ও বিক্রি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

### ৬.৮.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নির্বাচিত নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাফার মজুদ সৃষ্টি (বাৎসরিক সংগ্রহ) | মজুদের পরিমাণ | ২ | মেঃ টন (হাজার) | ৭৩৭.৮ | ৪২৫.২ | ৭৪০.৩ | ৬৪৩.৪ | ৮০০.০ | ৮০০.০ | ৮০০.০ |
| ২. স্থায়ী পরিবেশকের মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য খোলা বাজারে বিক্রয় | বিক্রিত পণ্যের পরিমাণ | ২ | মেঃ টন (হাজার) | ৭৩৭.৮ | ৩৯৯.২ | ৭৪০.৩ | ৬৪৩.৪ | ৮০০.০ | ৮০০.০ | ৮০০.০ |

### ৬.৮.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |